অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/14/2023 **গভর্নর ক্যাথি হোকল**

প্রেসিডেন্ট বাইডেনের নতুন বন্দুক সুরক্ষা উদ্যোগ সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"বন্দুকের সহিংসতার কারণে এই দেশে অনেক পরিবার ক্ষতির সম্মুখীন হয়েছে। আমার নিজের শহর বাফেলো সহ অনেক কমিউনিটি যুদ্ধের অস্ত্র দ্বারা বিধ্বস্ত হয়েছে। আমাদের পদক্ষেপ নেওয়ার নৈতিক বাধ্যবাধকতা রয়েছে - এবং এ কারণেই নিউ ইয়র্ক আমাদের দেশের শীর্ষস্থানীয় বন্দুক সুরক্ষা আইনকে শক্তিশালী করেছে, পারিবারিক নির্যাতনকারী এবং অন্যান্য বিপজ্জনক ব্যক্তিদের নিজেদের বা অন্যের ক্ষতি করা থেকে বিরত রাখতে রেড ফ্ল্যাগ আইনের ব্যবহার প্রসারিত করেছে।

প্রেসিডেন্ট বাইডেনের নতুন নির্বাহী আদেশ নিউ ইয়র্কের দৃষ্টিভঙ্গিকে জাতীয় পর্যায়ে নিয়ে এসেছে। নির্বাহী আদেশটি "রেড ফ্ল্যাগ" যুক্ত ব্যক্তিদের সম্পর্কে নিয়মসমূহ শক্তিশালী করে ফেডারেল লাইসেন্সপ্রাপ্ত বন্দুক ব্যবসায়ীদের কোনো ব্যক্তি পারিবারিক নির্যাতনকারী বা দোষী সাব্যস্ত অপরাধী কিনা তা পরীক্ষা করতে বাধ্য করে। এটি প্রমাণিত অপরাধ-লড়াইয়ের সরঞ্জামগুলোর জন্য ফেডারেল সম্পদ বৃদ্ধি করে, যেমন ন্যাশনাল ইন্টিগ্রেটেড ব্যালিস্টিক ইনফরমেশন নেটওয়ার্ক (National Integrated Ballistics Information Network) যা আমরা নিউ ইয়র্ক জুড়ে অপরাধ বিশ্লেষণ কেন্দ্রসমূহে ব্যবহার করছি। এই EO গত বছরের বড় সাফল্যের উপর ভিত্তি করে তৈরি, যখন প্রেসিডেন্ট বাইডেন এক প্রজন্মের মধ্যে প্রথম নতুন বন্দুক সুরক্ষা আইন পাস করার জন্য নেতা শুমার এবং কংগ্রেসের দ্বিপক্ষীয় সদস্যদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করেছিলেন। এই নির্বাহী আদেশটি আমাদের দেশের প্রয়োজনীয় পরবর্তী গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

জনসাধারণের নিরাপত্তা আমার সর্বোচ্চ অগ্রাধিকার এবং আমরা বন্দুক সহিংসতা থেকে নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখতে কাজ করা বন্ধ করব না।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418